সীমান্তের ওপার থেকে আসা ষড়যন্ত্র রুখে দেওয়া হবে: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের বিরুদ্ধে দেশ-বিদেশে ষড়যন্ত্র চলছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এসব ষড়যন্ত্র মোকাবিলায় রাজনৈতিক মতপার্থক্য ভুলে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন তিনি।

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে শনিবার (৭ নভেম্বর) বিকেলে রাজধানীর নয়াপল্টনে বিএনপির র‍্যালিপূর্ব সমাবেশে বক্তব্য দেন প্রধানমন্ত্রী।

তারেক রহমান বলেন, ষড়যন্ত্র দেশের ভেতরে কিংবা বাইরে যেখান থেকেই হোক, প্রতিটির জবাব দেওয়া হবে। সীমান্তের ওপার থেকেও ষড়যন্ত্রের চেষ্টা চলছে বলে উল্লেখ করেন তিনি।

বিএনপি চেয়ারম্যানের অভিযোগ, পতিত স্বৈরাচার ও তাদের সহযোগীরা এখনো ষড়যন্ত্রে লিপ্ত। তারা দেশে আবারও গুম-খুনের রাজনীতি ফিরিয়ে আনতে চায়। এই ষড়যন্ত্রের বিষদাঁত ভেঙে দিতে হবে।

তিনি আরও বলেন, যে দেশের মানুষ '৭১, '৭৫, '৯০ ও '২৪ সালে ইতিহাসের গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটিয়েছে, ষড়যন্ত্র করে সেই দেশের মানুষকে দমিয়ে রাখা সম্ভব নয়।